## 311999 - স্বপ্নদোষ হওয়ার সময় সে জেগে উঠেছে, কয়েক ফোঁটা বীর্যপাত হয়েছে, এরপর সে হস্তমৈথুন করেছে; এতে করে কি তার রোযা নষ্ট হয়েছে?

---

প্রশ্ন

আমি ফজরের পর ঘুমিয়েছি। এরপর আমি এমন অবস্থায় জেগে উঠেছি যে, আমার স্বপ্নদোষ হচ্ছে। কিন্তু আমার বীর্য কেবল কয়েক ফোঁটা বেরিয়েছে। আমার অণ্ডকোষে ব্যথা হচ্ছিল। তাই আমি হাত দিয়ে মৈথুন করেছি। এতে কি আমার রোযা নষ্ট হয়ে গেছে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রমযানে কিংবা অন্য সময়ও হস্তমৈথুন করা হারাম এবং এতে করে রোযা নষ্ট হয়ে যায়।

‘কাশ্শাফুল ক্বিনা’ গ্রন্থে (২/৩১৮) রোযা বিনষ্টকারী বিষয়াবলীর মধ্যে বলেছেন: “কিংবা হস্তমৈথুন করা। অর্থাৎ বীর্য বের করা (বীর্য বের হোক কিংবা মযী বের হোক)। কেননা চুম্বনের সাথে বীর্যপাত করার কারণে যদি রোযা ভেঙ্গে যায় তাহলে এর মাধ্যমে রোযা নষ্ট হওয়া আরও অধিক যুক্তিযুক্ত।

আর যদি বীর্যপাত না হয়; তাহলে সে হারাম কাজে লিপ্ত হল; তবে তার রোযা নষ্ট হয়নি।[সমাপ্ত]

অগ্রগণ্য অভিমত হচ্ছে: মযী (কামরস) বের হওয়ার মাধ্যমে রোযা নষ্ট হবে না; যেমনটি ইতিপূর্বে 49752 নং প্রশ্নোত্তরে বর্ণনা করা হয়েছে।

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে আপনি যে, হাত দিয়ে বীর্যপাত করেছেন সেটি একটি হারাম কাজ এবং এর দ্বারা আপনার রোযা নষ্ট হয়ে গেছে। আপনাকে এই দিনটির রোযা কাযা পালন করতে হবে; সাথে তাওবা করতে হবে।

আল্লাহই সর্বজ্ঞ।